গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৭.০০০০.০২৪.০৩.০০৬.১৬- ০২ (৮০)

তারিখঃ ২২ পৌষ'১৪২২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি'২০১৬ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ পোশাক সংক্রান্ত নির্দেশনা।**

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, "কারা অধিদপ্তরের পোশাক নীতিমালা" সংক্রান্ত সভায় সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিন সকল ইউনিফর্মধারী সংস্থার প্রধান/প্রতিনিধির উপস্থিতিতে কারা মহাপরিদর্শক হতে কারারক্ষি পর্যন্ত ১২স্তরের কারা কর্মচারিদের জন্য নতুন র‍্যাংক ব্যাজ সহ বিভাগীয় পোশাক গত ৩১.১২.২০১৫ খ্রিঃ তারিখে অনুমোদিত হয়েছে। আসন্ন কারা সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে **মাননীয় প্রধানমন্ত্রী কারা মহাপরিদর্শককে** আনুষ্ঠানিকভাবে নতুন র‍্যাংক ব্যাজ পরিয়ে দিবেন মর্মে আশা করা যাচ্ছে। উক্ত অনুষ্ঠানে বিভাগীয় পোশাক পরিহিত অবস্থায় উপস্থিত থাকতে হবে বিধায় সকল কারা উপ মহাপরিদর্শক, সিনিয়র জেল সুপার এবং জেল সুপারগণকে নিম্নোক্ত নির্দেশনুসারে পোশাক প্রস্তুতপূর্বক "কারা সপ্তাহ ২০১৬" উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত হতে বলা হলো ঃ-

ক। সংযুক্ত নমুনা অনুসারে একটি ফুল স্লিভ শার্ট ও একটি প্যান্ট তৈরী করতে হবে। পোশাকের রং ও শেড যেন একই ধরনের হয় সে লক্ষ্যে এক সেট পোশাকের জন্য ডিপগ্রীণ কাপড় প্রিজন্স সিকিউরিটি ইউনিট এর তত্ত্বাবধানে কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করা হবে।

খ। পোশাকের অন্যান্য সজ্জা যেমন- র‍্যাংকব্যাজ, বেল্ট, ডিভ সাইন, নেমপ্লেট, আইডিকার্ড, ইত্যাদি কেন্দ্রীয়ভাবে সংগ্রহের ব্যবস্থাগ্রহণ করা হয়েছে। এ সংক্রান্ত খরচের হিসাব পরবর্তীতে অবগত করা হবে।

গ। অক্সফোড সু এবং কালো মোজা প্রত্যেকে নিজেরাই স্থানীয় বাজার থেকে সংগ্রহ করবেন।

ঘ। প্রজ্ঞাপন প্রাপ্তির পর নতুনভাবে পোশাকধারী কর্মচারির প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গৃহীত হবে।

সংযুক্ত ঃ ক। পোশাক পরিধান সংক্রান্ত নির্দেশনা ০১ পাতা।
খ। পোশাকের নমুনা ০২ পাতা।

প্রত্যেক কারা উপ মহাপরিদর্শকের দপ্তর ও কারাগারের মেইল ঠিকানায় প্রেরিত হয়েছে।

০৫/১/১৬


(এ, কে, এম, ফজলুল হক)
কারা উপ মহাপরিদর্শক (সদর দপ্তর)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৭৩০০৪০০ (দপ্তর)
prison_dte@yahoo.com


১। কারা উপ মহাপরিদর্শক, সদর দপ্তর, কারা অধিদপ্তর, ঢাকা।
২। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
৩। সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
৪। সহকারি কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স সিকিউরিটি ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।

# পোশাক পরিধান সংক্রান্ত নির্দেশনা


এই নির্দেশনা ডেপুটি জেলার হতে উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দের জন্য প্রযোজ্য হবে।

| | | | |
|---|---|---|---|
| ১। | শার্ট | ঃ | নিয়ন্ত্রিত নমুনার শার্ট গ্রীষ্ম কালে হাফ স্লিভ এবং শীত কালে ফুল স্লিভ |
| ২। | প্যান্ট | ঃ | টাইপ (খ) সপ্তাহের প্রতি রবি এবং বৃহস্পতিবার পরিধান করতে হবে |
| | | | টাইপ (ক) সপ্তাহের অন্যান্য কর্ম দিবসে পরিধান করতে হবে। |
| ৩। | বেল্ট | ঃ | টাইপ (খ) প্যান্টের সাথে বাকল্স যুক্ত নাইলনের বেল্ট হবে। |
| | | | টাইপ (ক) প্যান্টের সাথে বাকল্স যুক্ত চামড়ার বেল্ট হবে। |
| ৪। | স্যু | ঃ | টাইপ (ক) প্যান্টের সাথে স্যু হবে। |
| ৫। | বুট ডিএমএস | ঃ | টাইপ (খ) প্যান্টের সাথে বুট রোল আপ করে পরিধান করতে হবে। |
| ৬। | ক্যাপ ব্যারেট | ঃ | নিয়মিত পোশাকের সাথে ক্যাপ ব্যারেট পরিধান করতে হবে। |
| ৭। | এ্যাপোলেট | ঃ | সপ্তাহের প্রতি রবি এবং বৃহস্পতিবার পরিধান করতে হবে |
| ৮। | মেটালিক র‍্যাংক ব্যাজ | ঃ | সপ্তাহের অন্যান্য কর্ম দিবসে পরিধান করতে হবে। |

## মহিলা কারা কর্মকর্তাবৃন্দের পোশাকের নমুনা ঃ


১। **শার্ট (হাফ হাতা) :** সম্মুখে চারটি পকেট বিশিষ্ট ডিপগ্রীণ এর টিসি কাপড়ের শার্ট তৈরী হবে। শার্টের সামনের ভাগে সমান দূরত্বে বোতাম ঘর সহ (বোতাম ঘর কলারকেও অন্তর্ভূক্ত করবে) খোলা থাকবে। প্রতিটি পকেটের দৈর্ঘ্য ১৫.০ সেঃমিঃ এবং প্রস্থ ১৩ সেঃমিঃ। পকেটে ৬.০ সেঃমিঃ প্রশস্ত ঢাকনা থাকবে। নীচের অংশে আরও দুইটি পকেট থাকবে। এই পকেটের দৈর্ঘ্য ১৮.০ সেঃমিঃ এবং প্রস্থ ১৫.৫ সেঃমিঃ। পকেটে ৬.০ সেঃমিঃ প্রশস্ত ঢাকনা থাকবে। শার্টে উভয় কাধে শোল্ডার থাকবে এবং শোল্ডারের বাহুমূল ৬.৩ সেঃমিঃ এবং অপর প্রান্ত ৩.৮ সেঃমিঃ চওড়া হবে। হাফ স্লিভ শার্টের বাহুর শেষ প্রান্তে ৩.৮ সেঃমিঃ চওড়া কাপড়ের ভাজ থাকবে। সমান দূরত্বে মোট ৬টি বোতাম থাকবে।

<u>শার্ট (হাফ হাতা) চিত্র</u>



২। **প্যান্ট :** উভয় পার্শ্বে পকেট বিশিষ্ট ডিপ গ্রীন রংয়ের টিসি কাপড়ের প্যান্ট তৈরী হবে ।


<u>প্যান্ট (ঢিলেঢালা) চিত্র</u>



## পুরুষ কারা কর্মকর্তাবৃন্দের পোশাকের নমুনা ঃ

১। শার্ট (হাফ হাতা) ঃ ডিপগ্রীন রংয়ের এবং নিম্নোক্ত ধরনের শার্ট তৈরী হবে। শার্টের সামনের ভাগে সমান দূরত্বে বোতাম ঘর সহ (বোতাম ঘর কলারকেও অন্তর্ভুক্ত করবে) খোলা থাকবে। প্রতিটি পকেটের দৈর্ঘ্য ১৪.৫ সেঃমিঃ এবং প্রস্থ ১৩.৫ সেঃমিঃ। পকেটে ৬.০ সেঃমিঃ প্রশস্ত ঢাকনা থাকবে। শার্টে উভয় কাধে শোল্ডার থাকবে এবং শোল্ডারের বাহুমূল ৬.০ সেঃমিঃ এবং অপর প্রান্ত ৩.৮ সেঃমিঃ চওড়া হবে। হাফ হাতা শার্টের বাহুর শেষ প্রান্তে ৩.৮ সেঃমিঃ চওড়া কাপড়ের ভাজ থাকবে। সমান দূরত্বে মোট ৬টি বোতাম থাকবে।


শার্ট (হাফ হাতা) চিত্র




২। প্যান্ট ঃ

(ক) ডেপুটি জেলার ও তদূর্ধ্ব কারা কর্মকর্তাগন ৮ লুপ (টাইপ- ক) ও ৩ লুপ (টাইপ-খ) বিশিষ্ট এবং প্যান্টের দুই ধারে দুটি পকেট এবং পিছনে ডান পার্শ্বে একটি পকেট সম্বলিত ডিপ গ্রীন রংয়ের প্যান্ট পরিধান করবেন

টাইপ (ক) চিত্র



টাইপ (খ) চিত্র



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/ইসঃ১/এমইটি-৭১/৮২/৬৫ (৭০)    তারিখ ঃ ২৫-০২-২০০৪ খ্রিঃ।

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ,ঢাকা।

প্রাপক ঃ ১। কারা উপ-মহা পরিদর্শক,সকল বিভাগ,সকল বিভাগীয় দপ্তর।
২। সিনিয়র তত্ত্বাবধায়ক,সকল কেন্দ্রীয় কারাগার।
৩। তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার।

বিষয় ঃ **ডেপুটি জেলারদের সরকারী খরচে পোষাক সরবরাহ প্রসংগে।**

বরাত ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ১এস-৩/৯৫-জেল-১/৫৭১ তারিক ৩-৯-৯৮ ইং ও কারা অধিদপ্তরের স্মারক নং পিডি/এমইটি-৭১/৮২/১১২৫(১০৩) তারিখ ১৪-৯-৯৮ ইং।

কারা বিভাগে ডেপুটি জেলারদের সরকারী খরচে পোষাক সরবরাহ করার ব্যাপারে কারা বিধির ৩৫৮ নং ধারা সংশোধন করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়টি সকল কারা কর্তৃপক্ষকে বরাতোক্ত স্মারকের মাধ্যমে অবহিত করা হয়েছে (ছায়ালিপি সংযুক্ত)। কারা মহা পরিদর্শক মহোদয়ের নিকট বিভিন্ন কারাগার হতে অভিযোগ আসছে যে, তাদেরকে সরকারী খরচে পোষাক সরবরাহ করা হচ্ছে না। ফলশ্রুতিতে ডেপুটি জেলারগণ প্রাপ্য সুযোগ সুবিধা হতে বঞ্চিত হচ্ছে, যা সরকারী নির্দেশের পরিপন্থি।

অতএব, উপরোক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি জেলারদেরকে পোষাক সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হ'ল।

২৫/২/০৪
মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে-কারা মহা পরিদর্শক।

স্মারক নং পিডি/ইসঃ১/এমইটি-৭১/৮২/ ৭১(১৫০)    তারিখ ঃ ২৫-০২-২০০৪ খ্রিঃ।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হ'ল ঃ-

১। কারা উপ-মহা পরিদর্শক(সদর দপ্তর) কারা অধিদপ্তর,ঢাকা।
২। সহকারী কারা মহা পরিদর্শক,সকল , কারা অধিদপ্তর,ঢাকা।
৩। প্রশাসনিক কর্মকর্তা/বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ,কারা অধিদপ্তর,ঢাকা।
৪। প্রধান সহকারী(সকল), কারা অধিদপ্তর,ঢাকা।
৫। জনাব ডেপুটি জেলার,কেন্দ্রীয়/জেলা কারাগার।
৬। ভারপ্রাপ্ত সহকারী (সকল), কারা অধিদপ্তর,ঢাকা।
৭। গার্ড ফাইল।

মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে-কারা মহা পরিদর্শক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র সংখ্যা-৪৪.০৭.০০০০.০২৪.০৩.০০৭.১৪-৫৩৪ (৭৫) তারিখ ঃ ১০ আশ্বিন ১৪২১ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **অফিস চলাকালীন সময়ে ইউনিফর্ম পরিধান।**

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন কারাগারে জেলার ও ডেপুটি জেলারগণ তাদের জন্য নির্ধারিত সরকারি পোশাক/ইউনিফর্ম পরিধান না করে প্রায়শঃই সিভিল পোশাকে দাপ্তরিক কাজ সম্পাদন করে যাচ্ছেন যা দৃষ্টি কটু ও বিভাগীয় শৃংখলার পরিপন্থী।

এখন হতে জেলার ও ডেপুটি জেলারসহ সকল কারারক্ষীকে অফিস চলাকালীন দায়িত্ব পালন সময়ে তাদের জন্য নির্ধারিত পোশাক বাধ্যতামূলকভাবে পরিধানপূর্বক দাপ্তরিক কাজ সম্পাদন করার জন্য নির্দেশ প্রদান করা হলো। বর্ণিত নির্দেশের ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৫/৯/১৪
মোঃ ফজলুল কবীর
কর্ণেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে কারা মহাপরিদর্শক
ফোনঃ ৭৩০০২২২ (দপ্তর)।
prison_dte@yahoo.com

সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে)ঃ**

| | |
|---|---|
| কারা উপ-মহাপরিদর্শক<br>সকল বিভাগ<br>সকল সদর দপ্তর। | তাঁর অধিনস্থ কারাগারসমূহে সকল কর্মকতার ইউনিফর্ম পরিধানের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। |

Eb-2-59-13

২৭

কারা উপ-মহা পরিদর্শকের দপ্তর
রাজশাহী বিভাগ, রাজশাহী

| | |
|---|---|
| কারা উপ-মহা পরিঃ | |
| পি.এ. | |
| উচ্চমান সহকারী | |
| অফিস সহকারী | |
| পত্র গ্রহণ নং ৫৮২ | তাং- ৫/২/১২ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

স্মারক নং ৪৪.০৭.০০০০.০২৯.০১.০০১.১২ – ৬৮ (৭১) তারিখঃ ৩১.০১.২০১২ খ্রিঃ

বিষয় ঃ ইউনিফর্ম সামগ্রী পরিধান প্রসংগে।

১। ইউনিফর্ম সামগ্রী এখন হতে নিম্নোক্ত নিয়মে এবং সময়ে পরিধান করার বিষয়ে নির্দেশ দেয়া হ'লঃ

**শীতকালে ব্যবহার্য পোশাকাদিঃ**

জার্সি পুলওভার/উইন্টার জ্যাকেট। প্রতি বছর ১৫ নভেম্বর হতে ১৫ ফেব্রুয়ারী সময়সীমার মধ্যে ব্যবহার করতে হবে। তবে বিভিন্ন অঞ্চলের আবহাওয়ার তারতম্য বিবেচনাকরতঃ কারা উপ মহাপরিদর্শকগণ কারা অধিদপ্তরের অনুমোদনক্রমে এলাকাভিত্তিক সময়সূচী পরিবর্তন করতে পারবেন।

**বর্ষাকালে ব্যবহার্য পোশাকাদিঃ**

গাম বুট ও রেইন কোর্ট প্রতি বছর ১ জুন হতে ৩১ অক্টোবর সময়সীমার মধ্যে ব্যবহার করতে হবে। তবে বিভিন্ন অঞ্চলের আবহাওয়ার তারতম্য বিবেচনাকরতঃ কারা উপ মহাপরিদর্শকগণ কারা অধিদপ্তরের অনুমোদনক্রমে এলাকাভিত্তিক সময়সূচী পরিবর্তন করতে পারবেন। বর্ণিত সময় ব্যতীত অন্যান্য সময়ে সরকার প্রদত্ত নির্ধারিত ইউনিফর্ম পরিধান করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

২। ইউনিফর্মের সাথে ব্যারেট ক্যাপ ও ফিল্ড ক্যাপ পরিধানের ক্ষেত্রে সকল কারাগারে সমতা রক্ষা করা হচ্ছে না।

**ব্যারেট ক্যাপ পরিধানের নির্দেশনা ঃ**

(১) যেকোন রাষ্ট্রীয় দিবসে।
(২) মাসিক দরবার অনুষ্ঠানে।
(৩) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শনকালে।
(৪) সাপ্তাহিক প্যারেডে (প্রতি রবিবার)।

**ফিল্ড ক্যাপ পরিধানের নির্দেশনা ঃ**

উপর্যুক্ত নির্দেশনা ব্যতীত অন্যান্য সময়ে ফিল্ড ক্যাপ ব্যবহার করতে হবে।

৩। উপর্যুক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের বিষয়ে আপনার কার্যালয়ে/কারাগারে কর্মরত সকলকে নির্দেশ দিতে অনুরোধ করা হ'ল।

মোহাম্মদ ইফতিখারুল ইসলাম
কর্ণেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। সিনিয়র তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয় কারাগার
৩। কারা তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার

৬০/৩/১২

AIG-11-42(Chad)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/এমইটি/সঃ-২/২০০৮/ ৫৪ (৬৮)  তারিখঃ ১১-৩-২০০৮ খ্রিঃ

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ ১। কারা উপ-মহা পরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

বিষয় ঃ **ইউনিফর্মের যত্ন প্রসঙ্গে**

১। লক্ষ করা যাচ্ছে যে, কারাগারসমূহের পোশাকধারী কর্মকর্তা/কর্মচারীগণের অনেকেরই পোশাকের যত্ন, ব্যবহার ও সংরক্ষণের বিষয়ে সম্যক ধারণার অভাব রয়েছে কিংবা অনেকে এ ব্যাপারে উদাসীন। ফলে ইস্যু করার স্বল্পদিনের মধ্যে অনেকের ইউনিফর্ম বিবর্ণ/ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ে যা শৃংখলা বাহিনীর জন্য বেমানান। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে যত্নশীল হওয়ার নির্দেশ দেয়া হ'ল। পোশাক ব্যবহার ও সংরক্ষণে নিম্নোক্ত পন্থা অবলম্বন করা যেতে পারেঃ-

ক। ধৌতকরণে অধিক ক্ষারযুক্ত ডিটারজেন্ট (গুঁড়ো সাবান) ব্যবহার না করা ; বাজারে প্রচলিত ৫৭০ সাবান কম ক্ষারযুক্ত বা অপেক্ষাকৃত মৃদু ক্ষারযুক্ত বলে জানা যায়, এ ধরণের কম ক্ষারযুক্ত সাবান ব্যবহার করা যেতে পারে ;

খ। সাবান-পানিতে অধিকক্ষণ পোশাক ভিজিয়ে না রাখা, মৃদু মন্থনে ধৌতকরণ এবং ভালভাবে সাবানমুক্তকরণ, সেসাথে মৃদু চাপে পানি অপসারণ ;

গ। প্রত্যক্ষ সূর্যালোকের পরিবর্তে ছায়াযুক্ত, বায়ু প্রবাহমান স্থানে ভেজা কাপড় শুকানো ;

ঘ। সম্ভবমত রৌদ্রকরোজ্জ্বল দিনে, পূর্বাহ্নে, কাপড় ধৌতকরণ ;

ঙ। আবহাওয়ার পূর্বাভাস সম্পর্কে অবহিত হয়ে কাপড় ধৌতকরণ ;

চ। ভেজা অবস্থায় ইস্ত্রি না করা ;

ছ। ঘর্ম/বৃষ্টিসিক্ত পোশাক পর্যাপ্ত শুকিয়ে নেওয়া ; না শুকিয়ে ভাজ বা সংরক্ষণ না করা ;

জ। আর্দ্র আবহাওয়ায়, বিশেষ করে বর্ষাকালে (আষাঢ়-আশ্বিন) অনেকদিন এক নাগাড়ে বন্ধ বাক্স বা আলমারীতে ভাঁজযুক্ত অবস্থায় কাপড় সংরক্ষণ না করা ;

ঝ। যথাসম্ভব বুট জুতা ভিজিয়ে যাওয়া এড়িয়ে চলা, সেজন্য অধিক বর্ষনসিক্ত দিনে গাম বুট পরিধান করা ;

ঞ। বুট নিয়মিত ব্রাস করা, প্রয়োজনমত শুকিয়ে নেওয়া ; এবং

ট। ছোটখাট ত্রুটি (যেমন- তলী আলগা হলে, কিংবা ছিঁড়ে গেলে) যথাসময়ে নিজ দায়িত্বে সারিয়ে নেওয়া ;

২। সংশ্লিষ্ট সকলকে ইহা অবহিত করার অনুরোধ করা হ'ল। পোশাকধারী প্রত্যেক সদস্যকে ইহার অনুলিপি হস্তান্তর করা যেতে পারে।

১২/৩/০৮

(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

তত্ত্বাবধায়ক
জেলা কারাগার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জেল শাখা-১।

নং ১ই-২১/৮৮-জেল-১/৪০২ তারিখ ঃ ৮-৯-৯১ ইং।

বিষয় ঃ কারা বিভাগের জন্য ড্রেস রেগুলেশন অনুমোদন সম্পর্কিত।

সূত্র ঃ তাঁহার স্মারক নং পিডি/এমইটি-২২/৮৩/১০২৮ তারিখ ১৩-৮-৯১ ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে কারা অধিদপ্তরের কর্মচারীদের বর্তমানে অনুমোদিত ও প্রচলিত ড্রেস রেগুলেশনের অন্যান্য সকল বিষয় অপরিবর্তিত রাখিয়া খাকী সূতী কাপড়ের ইউনিফর্মের পরিবর্তে খাকী পলিষ্টার কাপড়ের ইউনিফরম ব্যবহারের অনুমোদন দেওয়া হইল।

স্বাক্ষর/- মোঃ ইমান আলী
সিনিয়র সহকারী সচিব।

মহা-কারা পরিদর্শক,
কারা অধিদপ্তর,
ঢাকা।

স্মারক নং পিডি/এমইটি-২২/৮৩/১২৫৫/(৭৬) তারিখ ০৮ অক্টোবর'৯১ ইং।
১৭ আশ্বিন'৯৮ বাং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে প্রেরিত হইল :-

১) উপ-মহাকারা পরিদর্শক, সকল বিভাগ, সকল কেন্দ্রীয় কারাগার।

২) তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার।

৩) তত্ত্বাবধায়ক, সকল উপ উপজেলা কারাগার।

৪) পরিচালক, সরবরাহ ও পরিদর্শন অধিদপ্তর, ৪৮, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

৫) ভারপ্রাপ্ত শাখা সহকারী, উৎপাদন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

৬) গার্ড ফাইল।

( মোঃ মাহ[illegible] )
প্রশাসনিক কর্মকর্তা
পক্ষে মহা কারা পরিদর্শক
বাংলাদেশ।
ফোন ঃ ২৮ ১৪ ৮৯ (দপ্তর)।

শকি, ০১-১০-৯১ ইং।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জেল শাখা-১।

নং ১ই-২১/৮৮-জেল-১/৪০২

তারিখ: ৮-৯-৯১ ইং।

বিষয়: কারা বিভাগের জন্য ড্রেস রেগুলেশন অনুমোদন সম্পর্কিত।

সূত্র: তাঁহার স্মারক নং পিডি/এসইটি-২২/৮৩/১০২৮ তারিখ ১৩-৮-৯১ ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে কারা অধিদপ্তরের কর্মচারীদের বর্তমানে অনুমোদিত ও প্রচলিত ড্রেস রেগুলেশনের অন্যান্য সকল বিষয় অপরিবর্তিত রাখিয়া খাকী সূতী কাপড়ের ইউনিফর্মের পরিবর্তে খাকী পলিষ্টার কাপড়ের ইউনিফরম ব্যবহারের অনুমোদন দেওয়া হইল।

স্বাক্ষর/- মোঃ ইমান আলী
সিনিয়র সহকারী সচিব।

মহা-কারা পরিদর্শক,
কারা অধিদপ্তর,
ঢাকা।

স্মারক নং পিডি/এসইটি-২২/৮৩/ ১২৫৫ /(৭৬)

তারিখ: ০৩ অক্টোবর'৯১ ইং।
১৭ আশ্বিন'৯৮ বাং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে প্রেরিত হইল:-

১) উপ-মহাকারা পরিদর্শক, সকল বিভাগ, সকল কেন্দ্রীয় কারাগার।

২) তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার।

৩) তত্ত্বাবধায়ক, সকল উপ উপজেলা কারাগার।

৪) পরিচালক: সরবরাহ ও পরিদর্শন অধিদপ্তর, ৪৮, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

৫) ভারপ্রাপ্ত শাখা সহকারী, উৎপাদন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

৬) গার্ড ফাইল।

নকি, ০১-১০-৯১ ইং।

(মোঃ মাহফুজুল মিয়া)
প্রশাসনিক কর্মকর্তা
পক্ষে মহা কারা পরিদর্শক
বাংলাদেশ।
ফোন: ২৮ ১৪ ৮১ (দপ্তর)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র সংখ্যা-৪৪.০৭.০০০০.০২১.০১.০০১.১৫-৯০০২(২০০)

তারিখঃ ১৯ কার্তিক ১৪২২ বাংলা
০৩ অক্টোবর ২০১৫ খ্রিঃ

**বিষয় ঃ পোশাকধারী কর্মকর্তা/ কর্মচারীদের ইউনিফর্মে কোনরুপ সংযোজন/ বিয়োজন/ বৈচিত্র আনয়ন না করা।**

ইদানিং পরিলক্ষিত হচ্ছে যে, কারা বিভাগের পোশাকধারী কর্মকর্তা/কর্মচারী অধিদপ্তর কর্তৃক কেন্দ্রীয়ভাবে সরবরাহকৃত পোশাক পরিচ্ছদ ব্যবহার না করে নিজেদের ইচ্ছেমত পোশাক পরিচ্ছদ তৈরী/ক্রয় করে ব্যবহার করছেন যা কারা পোশাক বিধিমালার পরিপন্থী। বিভিন্নজন বিভিন্নভাবে বিভিন্ন আঙ্গিকে পোশাকের ব্যবহার করার কারনে বৈসাদৃশ্য বা বিশৃঙ্খল অবস্থা তৈরী হচ্ছে যা কারা বিভাগের মত একটি সুশৃঙ্খল বাহিনীর সুনাম ক্ষুন্ন করছে। কারা বিভাগের ভাবমূর্তি রক্ষার্থে এ ধরণের অসামঞ্জস্যতা দূরীকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

| নং | পোশাক পরিচ্ছদের নাম | বৈসাদৃশ্যের বর্ণনা |
|---|---|---|
| ১. | নম্বর প্লেট | প্লাস্টিক, কাপড়ের নম্বর প্লেট |
| ২. | সোল্ডার ব্যাজ | প্লাস্টিক, লোহা, কাপড় |
| ৩. | ওয়েব বেল্ট | ইচ্ছেমত বাহির থেকে ক্রয় করে পরিধান |
| ৪. | র‍্যাংক ব্যাজ | কাপড়ে এমব্রয়ডারী, প্লাস্টিক |
| ৫. | ডি এম এস বুট | চেইন লাগানো/ কাপড়ের তৈরী বাজার থেকে ক্রয়, ফিতাবিহীন, বোতাম দ্বারা আটকানো। |
| ৬. | টিসি ফেব্রিক্স | বাজার থেকে ক্রয়কৃত রং ও কাপড়ে ভিন্নতা |
| ৭. | ব্যারেট ক্যাপ | যথাযথভাবে পরিধান না করা, রং জ্বলা পুরাতন, ভিন্নধাচের ক্রয়কৃত |
| ৮. | প্যান্ট/শার্ট | বাজার হতে ক্রয়কৃত রং ও কাপড়ে ভিন্নতা, পার্শ্বে পকেট, অতিরিক্ত টাইট বা ঢিলা |
| ৯. | ক্যাপ ব্যাজ | অনুমোদিত ক্যাপব্যাজ ব্যতিত কাপড়ের তৈরী ক্যাপব্যাজ ব্যবহার করা |

কারা বিভাগে পোশাকধারী কর্মকর্তা ও কর্মচারীদের সরকারীভাবে সরবরাহকৃত পোশাক পরিচ্ছদ পরিধান করার জন্য নির্দেশ প্রদান করা হলো। কোন পোশাকধারী কর্মকর্তা ও কর্মচারী সরকারীভাবে সরবরাহকৃত পোশাক পরিচ্ছদের পরিবর্তে নিজের ইচ্ছামত স্থানীয় বাজার হতে পোশাক পরিচ্ছদ ক্রয় করে পরিধান করলে তার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

(এ, কে, এম, ফজলুল হক)
কারা উপ-মহাপরিদর্শক (সদর দপ্তর)
পক্ষে- কারা মহাপরিদর্শক।
ফোন-৭৩০০৪৬৬ (দপ্তর)

বিতরণঃ
১। কারা উপ-মহাপরিদর্শক সকল বিভাগ, সকল দপ্তর।
২। কমান্ড্যান্ট, রাজশাহী কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী।
৩। সিনিয়র জেল সুপার সকল, সকল কেন্দ্রিয় কারাগার।
৪। পরিচালক( ইনচার্জ), কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। জেল সুপার, সকল জেলা কারাগার।
৬। সহকারি কারা মহাপরিদর্শক (প্রশাসন/উন্নয়ন/অর্থ), কারা অধিদপ্তর, ঢাকা।
৭। প্রশাসনিক কর্মকর্তা / পরিসংখ্যানবিদ/বাজেট অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৯। সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক ও অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।

nn

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

স্মারক নং পিডি/সঃ-২/ডব্লিউ ডি-৬/২০১০/ ৭৭৪ (৭০) তারিখ- ১৯ -১২-২০১০ খ্রিঃ

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ ১। কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

বিষয় ঃ **কারা বিভাগে কর্মরত কারারক্ষী/মহিলা কারারক্ষীগণের শীতকালীন সময়ে পোষাক পরিধান প্রসংগে।**

১। আপনার কারাগারে কর্মরত কারারক্ষী/মহিলা কারারক্ষীগণকে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী বিধি মোতাবেক প্রাপ্য শীতকালীন পোষাকাদি (জার্সি পুলওভার/উইন্টার জ্যাকেট) পরিধান করার প্রয়োজনীয় নির্দেশ প্রদান করার জন্য অনুরোধ করা হ'ল।

**সময়সূচী ঃ-** ১৫ নভেম্বর/২০১০ হতে ১৫ ফেব্রুয়ারী/২০১১ পর্যন্ত।

২। বিভিন্ন অঞ্চলের আবহাওয়ার তাপমাত্রা বিবেচনা করতঃ কারা উপ মহা পরিদর্শকগণ অত্র অধিদপ্তর এর অনুমোদনক্রমে এলাকা ভিত্তিক সময়সূচী পরিবর্তন করতে পারবেন।

(মোঃ সিদ্দিকুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক(প্রশাসন)
পক্ষে কারা মহা পরিদর্শক
ফোন-৭৩০০৪৬৬ (দপ্তর)।

EB-2-446